



## বাংলাদেশ দূতাবাস আম্মান, জর্ডান

### ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদস্যপদ নিবন্ধনঃ

#### আবেদন প্রক্রিয়াঃ

যে সকল সম্মানিত বাংলাদেশী প্রবাসগণ জর্ডানে ২০১২ সালের পূর্বে এসেছেন অথবা অন্যকোন ভিসায় এসেছেন এবং যাদের বিএমইটি (BMET) ক্লিয়ারেন্স / স্মার্ট কার্ড নেই তাঁরা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড (Wage Earners' Welfare Board)-এর সদস্যপদের জন্য আবেদন করতে পারবেন। আবেদন করার জন্য দূতাবাসে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে:

- পাসপোর্ট এবং পাসপোর্টের ফটোকপি;
- ইকামাহ ও তাসরিয়ার ফটোকপি;
- পাসপোর্ট সাইজ ছবি ১ কপি; এবং
- পূরণকৃত আবেদন ফরম।

#### অথবা

আবেদনকারী [www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd) এই অয়েবসাইটে প্রবেশ করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে পারবেন। অনলাইন আবেদন প্রক্রিয়া সম্পন্ন করার পর প্রিন্ট কপি সংগ্রহ করে দূতাবাসে জমা দিয়ে কার্ড সংগ্রহ করা যাবে।

#### আবেদন ফিঃ

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদস্যপদের আবেদনের জন্য ফি ৩৫ (পঁয়ত্রিশ) জর্ডানিয়ান দিনার ।

#### ফি জমা দেওয়ার ব্যাংক হিসাবঃ

Account Name	:	EMBASSY OF BANGLADESH
Account number	:	JO89 ARAB 1340 0000 0013 4119 0395 00 (JOD Account)
Swift Code	:	ARARJOAS100
Bank name	:	ARAB BANK
Address	:	Fifth Circle Branch, West Amman, PO Box No. 144186, Jordan

#### ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড (WEWB) -এর সদস্যরা নিম্নবর্ণিত সুবিধাদি পেয়ে থাকেন:

- সদস্যদের সন্তানরা বাংলাদেশের বিভিন্ন স্কুলে ভর্তির সময় প্রবাসী কোটা পাবে;
- সদস্যদের সন্তানরা বৃত্তির জন্য আবেদনের সুবিধা পাবে;
- অসুস্থ সদস্যরা আবেদনের পর ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কাছ থেকে আর্থিক সাহায্য পাবে;
- সদস্যরা সহজ শর্তে / বিনা জামানতে প্রবাসী কল্যাণ ব্যাংক থেকে ঋণের জন্য আবেদন করতে পারবেন;
- মৃত সদস্যদের আইনি উত্তরাধিকারীগণ ৩,০০,০০০ টাকা পাবেন; এবং
- মৃত প্রবাসী কর্মীর দাফন বাবদ টাকা এয়ারপোর্টে ৩৫,০০০/ টাকার চেক গ্রহণ ।